১৭ আগস্ট, ২০২৬

# হরমুজ প্রণালি খুলে দেওয়ার আহ্বান এরদোয়ানের



তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ান। ছবি: সংগৃহীত

কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে আবারও স্বাভাবিকভাবে জাহাজ চলাচল ও তেল পরিবহন চালুর আহ্বান জানিয়েছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান। বিশ্ববাজারে জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে এই জলপথ সচল রাখা প্রয়োজন বলে মন্তব্য করেছেন তিনি।

আল জাজিরাকে দেওয়া এক সাক্ষাৎকারে এরদোয়ান বলেন, হরমুজ প্রণালি দিয়ে তেল পরিবহন চালু রাখার বিষয়ে তুরস্ক ও ইরান উভয়েই একমত। তেহরান ও ওয়াশিংটনের মধ্যকার উত্তেজনার কারণে বর্তমানে এই জলপথ দিয়ে জ্বালানি সরবরাহের বিষয়টি বিশেষ গুরুত্ব পেয়েছে।

বিশ্বের জ্বালানি সরবরাহের উল্লেখযোগ্য একটি অংশ হরমুজ প্রণালি হয়ে বিভিন্ন দেশে পৌঁছায়। ফলে গুরুত্বপূর্ণ এই নৌপথে তেল পরিবহন বাধাগ্রস্ত হলে আন্তর্জাতিক বাজারে জ্বালানি সরবরাহের পাশাপাশি দামেও বড় ধরনের প্রভাব পড়তে পারে।

এদিকে মধ্যপ্রাচ্যে উত্তেজনা কমানোর বিভিন্ন উদ্যোগের মধ্যেই লেবাননে ইসরায়েলি হামলা নিয়ে উদ্বেগ জানিয়েছেন এরদোয়ান। তার মতে, এ ধরনের সামরিক অভিযান আঞ্চলিক পরিস্থিতিকে আরও জটিল করে তুলতে পারে।

ইরানকে ঘিরে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান উত্তেজনার মধ্যে হরমুজ প্রণালির নিরাপত্তা এবং এর মাধ্যমে জ্বালানি পরিবহনের বিষয়টি আন্তর্জাতিক মহলে নতুন করে আলোচনায় এসেছে।